# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 15 May, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের উদ্যোগে ‘নজরুল ও হাফিজের কবিতায় মানবতা’ শীর্ষক এক প্রজ্ঞাময় সেমিনার অনুষ্ঠিত হয়েছে।আজ বৃহস্পতিবার (১৫ মে) বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে বেলা ১১টায় শুরু হয় এই সেমিনার।

সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মনসুর চাভুশি, আর প্রধান অতিথির আসন অলংকৃত করেন রাবির উপাচার্য প্রফেসর ড. সালেহ্ হাসান নকীব।

ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের সভাপতি প্রফেসর মো. শফিউল্লাহর সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাঈন উদ্দিন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মোহা. ফরিদ উদ্দীন খান, কলা অনুষদের অধিকর্তা প্রফেসর মো. বেলাল হোসেন, এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক কবি মো. লতিফুল ইসলাম শিবলী।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের প্রফেসর মো. কামাল উদ্দিন।তার উপস্থাপিত প্রবন্ধের উপর আলোচনা করেন একই বিভাগের প্রফেসর মো. নূরুল হুদা এবং ইরান থেকে আগত ভিজিটিং প্রফেসর এসমায়েল সাদেঘি।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. সালেহ্ হাসান নকীব বলেন, কবি নজরুল ও

হাফিজের মধ্যে স্থান ও কালের দিক থেকে ভিন্ন হলেও—তাঁদের কবিতায় মানবতার চিরন্তন বাণী ধ্বনিত হয়েছে। মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় তাঁদের কবিতা যুগে যুগে আলোকবর্তিকা হিসেবে কাজ করেছে।

সেমিনারটি সঞ্চালনা করেন ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের প্রফেসর মো. আতাইল্যাহ।

সেমিনার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 13:27

URL: https://www.timestodaybd.com/campus/2534775807